

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৪৫

১/ বিবিধ

আরবী

من طلب ما عند الله كانت السماء ظلالة، والأرض فراشه، لم يهتم بشيء من أمر الدنيا، فهو لا يزرع ويأكل الخبز، وهو لا يفرس الشجر ويأكل الثمار، توكل على الله تعالى، وطلباً لمرضاته، فضمن الله السموات السبع والأرضين السبع رزقه، فهم يتعبون فيه، ويأتون به حلالاً، ويستوفي هو رزقه بغير حساب عند الله تعالى حتى أتاه اليقين
موضوع

أخرجه ابن حبان في "الضعفاء" (1 / 112) أطول منه والحاكم (4 / 310) والسياق له من طريق إبراهيم بن عمرو السكسكي حدثنا أبي، حدثنا عبد العزيز بن أبي رواد، عن نافع، عن ابن عمر مرفوعاً. وقال الحاكم: صحيح الإسناد، ورده الذهبي بقوله قلت: بل منكر وموضوع، إذ عمرو بن بكر متهم عند ابن حبان، وإبراهيم ابنه، قال الدارقطني: متروك

قلت: وفي ترجمة إبراهيم من الميزان قال ابن حبان: يروي عن أبيه الأشياء الموضوعية، وأبوه أيضاً لا شيء، ثم ساق له هذا الحديث

قلت: وتام كلام ابن حبان تفرد به إبراهيم بن عمرو وهو مما عملت يداه لأن هذا ليس من كلام رسول الله صلى الله عليه وسلم ولا ابن عمر ولا نافع وإنما هو شيء من كلام الحسن

বাংলা

৪৪৫। যে ব্যক্তি আল্লাহর নিকটে যা আছে তা চাইবে, আসমান তার জন্য ছায়া স্বরূপ হবে এবং যমীন হবে বিছানা স্বরূপ। সে দুনিয়ার ব্যাপারে কিছু গুরুত্ব দিবে না, সে চাষ করবে না অথচ সে রুটি খাবে এবং সে গাছ লাগাবে না অথচ সে ফল খাবে, আল্লাহর উপর ভরসা করে তার সম্ভষ্টি লাভের জন্য। আল্লাহ সাত আসমান এবং সাত যমীনে তার রিকের জন্য যামিন হয়ে যাবেন। তারা (লোকেরা) তাতে কষ্ট করবে এবং হালাল অর্জন করবে। অথচ সে তার রিয়ক আল্লাহর নিকট হতে বিনা হিসাবে পূর্ণ করবে মৃত্যু আসা পর্যন্ত।

হাদীসটি জাল।

এটি ইবনু হিব্বান “আয-যুয়াফা” গ্রন্থে (১/১১২) এর চেয়ে দীর্ঘ হাদীসে এবং হাকিম (৪/৩১০) ইব্রাহীম ইবনু আমর সাকসাকী সূত্রে তার পিতা হতে ... বর্ণনা করেছেন। অতঃপর (হাকিম) বলেছেনঃ সনদটি সহীহ।

যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ বরং মুনকার এবং জাল (বানোয়াট)। কারণ আমর ইবনু বাকর (পিতা) ইবনু হিব্বানের নিকট মিথ্যার দোষে দোষী। তার ছেলে ইবরাহীম সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছিঃ যাহাবী ইবরাহীমের জীবনীতে “আল-মীযান” গ্রন্থে বলেছেনঃ

ইবনু হিব্বান বলেনঃ তিনি তার পিতা হতে বানোয়াট বহু কিছু বর্ণনা করেছেন। তার পিতা কিছুই না। অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ ইবনু হিব্বানের পুরো বক্তব্য হচ্ছে, ইবরাহীম ইবনু আমর এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন এবং তার হাতই হাদীসটি তৈরি করেছে। কারণ এটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কথা নয়, ইবনু উমার (রাঃ)-এর কথা নয়, নাফে'রও কথা নয়। বরং এটি হাসানের কথা।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=68030>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন